উচ্চমাধ্যমিক সাজেশন 2025

# HS Political Science Suggestion 2025: উচ্চ মাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান সাজেশন, কমন পাবেই! PDF সংগ্রহ করে নাও




উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষার জন্য চিন্তা হচ্ছে কি? তাহলে এই পোস্টটি আপনার জন্য। এই পোস্টে আমরা উচ্চ মাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষায় কমন পড়ার সম্ভাবনা রয়েছে এমন কিছু প্রশ্ন নিয়ে আলোচনা করব। মনে রাখবে **প্রশ্নগুলি আসার সম্ভাবনা সর্বাধিক এবং সেরা প্রশ্ন তাই মন দিয়ে এগুলো প্র্যাকটিস করে গেলে** এবং ভালো করে তৈরি করে গেলে, ভালো রকম নম্বর পেয়ে যাবে রাষ্ট্রবিজ্ঞানের মত বিষয়তে।

| HS Political Science Suggestion 2025 | |
|---|---|
| **বিষয়** | রাষ্ট্রবিজ্ঞান |
| **পরীক্ষার তারিখ** | 17.03.2025 (সোমবার) |

## HS POLITICAL SCIENCE SUGGESTION 2025 (উচ্চ মাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান সাজেশন প্রশ্ন)

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips

নিচের প্রশ্নগুলি খুব খুব ভালো করে করে যাবে এই বড় প্রশ্নগুলো থেকে প্রায়ই কমন পেয়েই যাবে। এগুলোর উত্তর নিজেদের যদি নোট থাকে সেখান থেকে দেখে নিতে পারো অথবা **₹20 টাকা দিয়ে উত্তর সহ এগুলো সম্পূর্ণ স্পেশাল নোটস সংগ্রহ করে নিতে পারো!**

১) ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির পক্ষে ও বিপক্ষে যুক্তি দাও?

২) বিশ্বায়নের সংজ্ঞা লেখ? বিশ্বায়নের বিভিন্ন রূপ পর্যালোচনা কর। ★★

অথবা,

বিশ্বায়ন বলতে কী বোঝো? বিশ্বায়নের বিভিন্ন প্রকার গুলি উল্লেখ কর।

৩) কাল মার্কসের মূল সূত্র গুলি আলোচনা করো।

অথবা,

কার্ল মার্কস এর রাষ্ট্রতত্ত্বটি আলোচনা কর।

৪) ক্ষমতা বলতে কি বোঝো? ক্ষমতার উপাদান গুলি বিশ্লেষণ কর?

অথবা,

ক্ষমতা কাকে বলে? জাতীয় ক্ষমতার মূল উপাদান গুলি বিশ্লেষণ কর?

৫) উদারনীতিবাদ কাকে বলে? এর গুলি আলোচনা করো। ★★★

অথবা,

উদারনীতিবাদের মূল বৈশিষ্ট্য গুলি ব্যাখ্যা কর।

অথবা,

উদারনীতিবাদের মূল সূত্র গুলি ব্যাখ্যা কর।

৬) জাতীয় স্বার্থের প্রকৃতি সংক্ষেপে ব্যাখ্যা কর?

অথবা

জাতীয় স্বার্থ রক্ষার বিভিন্ন উপায় গুলি উল্লেখ কর?

৭) লোকসভার অধ্যক্ষের ক্ষমতা ও কার্যাবলী লেখ? ★

৮) ভারতীয় পার্লামেন্টের আইন পাশের পদ্ধতি ব্যাখ্যা কর! ★

৯) দ্বিকক্ষ বিশিষ্ট আইনসভার পক্ষে ও বিপক্ষে যুক্তিগুলি লেখ?

১০) ভারতের অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীর ক্ষমতা ও পদমর্যাদা আলোচনা কর।

১১) ভারতের সুপ্রিম কোর্টের গঠন ও কার্যাবলী আলোচনা কর। ★★★

১২) ভারতের লোক আদালতের গঠন ও কার্যাবলীর আলোচনা কর? ★★

১৩) ভারতীয় পার্লামেন্টের গুরুত্বপূর্ণ ক্ষমতাগুলি আলোচনা কর!

১৪) ভারতের রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলী সংক্ষেপে আলোচনা কর।★★

১৫) টীকা লেখ: ক্রেতা সুরক্ষা আদালত। ★

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

## HS Political Science MCQ 2025

1. 'ঠান্ডা লড়াই' শব্দটি প্রথম প্রয়োগ করেন?
(a) বার্নার্ড বারুচ (b) ট্রুম্যান (c) চার্চিল (d) গর্বাচেভ।
উঃ (a) বার্নার্ড বারুচ
2. নিরাপত্তা পরিষদের মোট সদস্যসংখ্যা হল-
(a) 10 (b) 15 (c) 20 (d) 25
উঃ (b) 15
3. বর্তমানে সার্ক'-এর সদস্যসংখ্যা হল-
(a) 7 (b) 8 (c) 9 (d) 10
উঃ (b) 8
4. 'সার্ক'-এর প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়-(a) ঢাকায় (b) কলম্বোতে (c) দিল্লিতে (d) ইসলামাবাদে।
উঃ (a) ঢাকায়।
5. পঞ্চশীল চুক্তি স্বাক্ষরিত হয়-
(a) ভারত ও বাংলাদেশের মধ্যে (b) ভারত ও ভুটানের মধ্যে (c) ভারত ও রাশিয়ার মধ্যে (d) ভারত ও চিনেরমধ্যে।
উঃ(d) ভারত ও চিনের মধ্যে।
6. সাধারণ সভায় শান্তির জন্য ঐক্যের প্রস্তাব গৃহীত হয় কোন্ খ্রিস্টাব্দে?
(a) 1948 (b) 1950 (c) 1955 (d) 1960
উঃ (b) 1950
7. মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার উচ্চকক্ষের নাম হল -(a) লোকসভা (b) রাজ্যসভা (c) সেনেট (d) জনপ্রতিনিধি সভা
উঃ (c) সেনেট
8. এককক্ষবিশিষ্ট আইনসভা আছে এমন একটি রাষ্ট্র হল-(a) গ্রেট ব্রিটেন (b) চিন (c) ভারত (d) মার্কিন যুক্তরাষ্ট্র।
উঃ (b) চিন।
9. "ন্যায়বিচারের দীপশিখাটি অন্ধকারের মধ্যে নিভে গেলে কী ভীষণ সেই অন্ধকার।"—এ কথা বলেছেন-
(a) লর্ড ব্রাইস (b) ফ্রাংকলিন (c) গেটেল (d) মার্কস।
উঃ (a) লর্ড ব্রাইস।
10. লোকসভার সর্বাধিক সদস্যসংখ্যা হল-
(a) 530 (b) 545 (c) 550 (d) 552
উঃ (d) 552
11. পশ্চিমবঙ্গের পঞ্চায়েত আইন প্রণীত হয়-(a) 1947 খ্রিস্টাব্দে (b) 1973 খ্রিস্টাব্দে (c) 1977 খ্রিস্টাব্দে (d) 1982 খ্রিস্টাব্দে।
উঃ (b) 1973 খ্রিস্টাব্দে।
12. কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রশাসনিক প্রধান হলেন-
(a) সপারিষদ মেয়র (b) মেয়র (c) ডেপুটি মেয়র (d) মন্ত্রী।
উঃ (b) মেয়র।
13. জোটনিরপেক্ষ আন্দোলনের জনক হলেন-(a) ইন্দিরা গান্ধি (b) সুকর্নো (c) মার্শাল টিটো (d) জওহরলাল নেহরু।
উঃ (d) জওহরলাল নেহরু।
14. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-
(a) 1919 খ্রিস্টাব্দে (b) 1920 খ্রিস্টাব্দে (c) 1939 খ্রিস্টাব্দে (d) 1945 খ্রিস্টাব্দে।
উঃ (c) 1939 খ্রিস্টাব্দে।
15. 'ন্যাটো' গঠিত হয় কার উদ্যোগে।
(a) মার্কিন যুক্তরাষ্ট্রের (b) সোভিয়েত ইউনিয়নের (c) ব্রিটেনের (d) ভারতের।
উঃ (a) মার্কিন যুক্তরাষ্ট্রের।
16. ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষের নাম হল-পলর্ডসভা (b) কমন্সসভা (c) সেনেট (d) লোকসভা।
উঃ (b) কমন্সসভা।
17. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যসংখ্যা-(a) 4 (b) 5 (d) 6 (d) 7
উঃ (b) 5
18. ভেটো প্রদান ক্ষমতা আছে কেবলমাত্র-
(a) সাধারণ সভার (b) আন্তর্জাতিক আদালতের (c) নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যদের (d) অছি পরিষদের।
উঃ(c) নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যদের।
19. "স্পিরিট অব দ্য লজ" গ্রন্থটির রচয়িতা কে?(a) মার্কস (d) হেগেল (c) হবস (d) মন্তেস্কু
উঃ (d) মন্তেস্কু।
20. ভারত-পাক সিমলা চুক্তি সম্পাদিত হয়েছিল কোন খ্রিস্টাব্দে?
(a) 1965 খ্রিস্টাব্দে (b) 1972 খ্রিস্টাব্দে (c) 1975 খ্রিস্টাব্দে (d) 1978
উঃ (b) 1972 খ্রিস্টাব্দে।
21. উত্তরাধিকার সূত্রে মনোনীত শাসক দেখা যায় -
(a) পাকিস্তানে (b) বাংলাদেশে (c) গ্রেট ব্রিটেনে (d) ভারতে।
উঃ (c) গ্রেট ব্রিটেনে।
22. ভারতের প্রধানমন্ত্রীকে নিযুক্ত করেন-
(a) সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি (b) লোকসভার স্পিকার (c) রাষ্ট্রপতি (d) উপরাষ্ট্রপতি।
উঃ (c) রাষ্ট্রপতি।
23. রাজ্যসভার সদস্যদের কার্যকালের স্বাভাবিক সময়সীমা হল-
(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) 7 বছর।উঃ (c) 6 বছর।
24. পৌরসভার নির্বাচিত প্রতিনিধিদের বলা হয়-
(a) সভাপতি (b) মন্ত্রী (c) কাউন্সিলার (d) ম্যাজিস্ট্রেট।
উঃ (c) কাউন্সিলার।

## উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান অতিসংক্ষিপ্ত (SAQ) প্রশ্নোত্তর 2025

1. বরো কমিটি কীভাবে গঠিত হয়?
উত্তর- তিন লক্ষ বা তার বেশি জনসংখ্যাবিশিষ্ট পৌরসভায় বরো কমিটি থাকে। উক্ত পৌরসভারওয়ার্ডগুলিকে পাঁচটি বরোতে ভাগ করা হয়। ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলরদের নিয়ে বরো কমিটি গঠিত হয়।
3. ভারতের মৌলিক অধিকার বলবৎ করার জন্য যে-কোনো দুটি লেখ'-এর নাম উল্লেখ করো।
উত্তর- 1) বন্দীপ্রত্যক্ষীকরণ এবং 2) পরমাদেশ।
4. 'জিরো আওয়ার' কাকে বলে?

উত্তর- পার্লামেন্ট বা রাজ্য আইনসভার অধিবেশনের প্রথম পর্ব বা বেসরকারি কার্যক্রম এবং দ্বিতীয় পর্ব বা সরকারী কার্যক্রমের মধ্যবর্তী সময়কালকে বলা হয় জিরো আওয়ার। বস্তুত, এর জন্য কোনো সময় বরাদ্দ থাকে না বলে এর নাম জিরো আওয়ার।

5. ভারতের অঙ্গরাজ্যের রাজ্যপালের যে-কোনো একটি স্বেচ্ছাধীন ক্ষমতার উল্লেখ করো।

উত্তর- রাজ্যপাল তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে রাজ্য বিধানসভা ভেঙে দিতে পারেন।

6. ভারতের অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীকে কে নিয়োগ করেন ?

উত্তর- ভারতের অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীকে নিয়োগ করেন রাজ্যপাল।

7. ভারতের প্রধানমন্ত্রীর যে-কোনো একটি গুরুত্বপূর্ণ কাজের উল্লেখ করো।

উত্তর- ভারতের প্রধানমন্ত্রীর সবথেকে গুরুত্বপূর্ণ কাজটি হলো রাষ্ট্রপতিকে তার কার্যসম্পাদনে সহায়তা করা এবং পরামর্শ দেওয়া।

8. ভারতের রাষ্ট্রপতি তার পদ থেকে কীভাবে অপসারিত হন?

উত্তর- ভারতীয় সংবিধানের 61 নম্বর ধারা অনুসারে, সংবিধানভঙ্গের অপরাধে ইমপিচমেন্ট পদ্ধতির মাধ্যমে রাষ্ট্রপতি অপসারিত হন। তবে, অপসারণসংক্রান্ত প্রস্তাবটি পার্লামেন্টের উভয় কক্ষের দুই-তৃতীয়াংশ সদস্য কর্তৃক সমর্থিত হতে হয়।

অথবা, ভারতের উপরাষ্ট্রপতি কীভাবে নির্বাচিত হন।

উত্তর- পার্লামেন্টের উভয়কক্ষের সদস্যদের নিয়ে গঠিত একটি নির্বাচকমণ্ডলীর দ্বারা একক হস্তান্তরযোগ্য সমানুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে গোপন ভোটের দ্বারা ভারতের উপরাষ্ট্রপতি নির্বাচিত হন।

9. বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার দুটি পদ্ধতির উল্লেখ করো।

উত্তর- A) বিচারবিভাগকে আইন ও শাসন বিভাগের প্রভাবমুক্ত করা; B) বিচারপতিদের কার্যকালের স্থায়িত্ব নিশ্চিত করা।

10. স্থায়ী প্রশাসক বলতে কী বোঝো?

উত্তর- প্রতিযোগিতামূলক পরীক্ষার দ্বারা নিযুক্ত উচ্চপদস্থ সরকারি কর্মচারীদের স্থায়ী প্রশাসক বলা হয়।

11. এককক্ষবিশিষ্ট আইনসভার বিপক্ষে একটি যুক্তি দাও।

উত্তর- এককক্ষবিশিষ্ট আইনসভার বিপক্ষে একটি যুক্তি হল- এইরূপ আইনসভায় সুচিন্তিত আইন প্রণয়ন সম্ভব হয় না।

12. গান্ধিজির অহিংস নীতির দুটি বৈশিষ্ট্য লেখো

উত্তর- A) গান্ধীজির অহিংস নীতি হলো ইতিবাচক; B) অহিংসা মানে নিষ্ক্রিয়তা নয়।

13. গান্ধিজির সত্যাগ্রহ নীতির দুটি বৈশিষ্ট্য লেখো।

উত্তর- A) সত্যাগ্রহের পথ এবং পদ্ধতি অহিংস; B) সত্যাগ্রহে দুর্বলতার কোনো স্থান নেই।

14. মার্কসবাদের যে-কোনো দুটি উৎসের উল্লেখ করো?

উত্তর- A) জার্মান ভাববাদী দর্শন। B) ব্রিটিশ অর্থশাস্ত্র।

15. দ্বন্দ্বমূলক বস্তুবাদের যে-কোনো দুটি সূত্রের উল্লেখ করো।

উত্তর- A) পরিমাণগত পরিবর্তন থেকে গুণগত পরিবর্তন; B) নেতির নেতিকরণ।

16. অর্থনৈতিক ও সামাজিক পরিষদের একটি বিশেষজ্ঞ সংস্থার নাম লেখো

উত্তর- UNESCO, FAO

17. ভারতের পররাষ্ট্রনীতির একটি মূল বৈশিষ্ট্যের উল্লেখ করো

উত্তর- ভারতের পররাষ্ট্রনীতির একটি অন্যতম বৈশিষ্ট্য হলো জোট নিরপেক্ষতা।

18. জাতীয় ক্ষমতা বলতে কী বোঝায়?

উত্তর- আন্তর্জাতিক রাজনীতির আলোচনায় জাতীয় ক্ষমতা বলতে বোঝায় এক রাষ্ট্র কর্তৃক অন্য রাষ্ট্রের আচরণ নিয়ন্ত্রণ করার সামর্থ্য।

19. জাতীয় স্বার্থ বলতে কী বোঝায়?

উত্তর- এককথায় জাতীয় স্বার্থ বলতে জাতির সেই সমস্ত লক্ষ্য ও আশা-আকাঙ্ক্ষার সমষ্টিকে বোঝায় যেগুলি পূরণ করার জন্য রাষ্ট্র সচেষ্ট থাকে।

20. সুয়েজ সংকট কবে দেখা দেয়?

উত্তর- 1956 সালে।

21. কিউবার সংকট কবে দেখা দেয়?

উত্তর- 1962 সালে।

22. বেলগ্রেড সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?

উত্তর- 1961 সালে।

23. বর্তমানে জোট নিরপেক্ষ আন্দোলনের একটি প্রাসঙ্গিকতা উল্লেখ করো?

উত্তর- বর্তমান একমেরু-বিশ্বে শান্তিপূর্ণ সহাবস্থানের ক্ষেত্রে জোট নিরপেক্ষ আন্দোলনের বিশেষ ভূমিকাআছে।

24. সাধারণ সভার বার্ষিক অধিবেশন কবে বসে?

উত্তর- প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার সাধারণ সভার বার্ষিক অধিবেশন বসে।

## HS Political Science বড় প্রশ্ন 2025

### 1) ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির পক্ষে ও বিপক্ষে যুক্তি দাও?

ক্ষমতা স্বতন্ত্রীকরণ (Decentralization) নীতির পক্ষে ও বিপক্ষে যুক্তি ক্ষমতা স্বতন্ত্রীকরণ বলতে বোঝায় কেন্দ্রীয় সরকারের কিছু ক্ষমতা বা কর্তৃত্ব স্থানীয় বা আঞ্চলিক প্রশাসনের (Local Government) হাতে তুলে দেওয়া। এটি গণতন্ত্রের একটি গুরুত্বপূর্ণ উপাদান, যা প্রশাসনকে আরও কার্যকর এবং জনমুখী করে তোলে। তবে এর কিছু সুবিধা ও অসুবিধাও রয়েছে।

📌 ক্ষমতা স্বতন্ত্রীকরণের পক্ষে যুক্তি:

1. জনগণের অংশগ্রহণ বৃদ্ধি:
   → স্থানীয় প্রশাসনের মাধ্যমে সাধারণ জনগণ সরাসরি সিদ্ধান্ত গ্রহণের (Decision Making) প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে, যা গণতন্ত্রকে মজবুত করে।
2. কার্যকারিতা বৃদ্ধি:
   → স্থানীয় প্রশাসন জনগণের সমস্যা সম্পর্কে ভালোভাবে অবগত থাকে এবং দ্রুত সমস্যা সমাধানের ব্যবস্থা নিতে পারে।
3. উন্নয়নের সমান সুযোগ:
   → কেন্দ্রের ওপর নির্ভরতা কমে গেলে স্থানীয় স্তরে শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামোর উন্নতি দ্রুত হয়।
4. ভার কমানো:
   → কেন্দ্রীয় সরকারের ওপর প্রশাসনিক ও অর্থনৈতিক চাপ হ্রাস পায়, ফলে উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়িত হয়।

# উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান সাজেশন উত্তরসহ সংগ্রহ করুন




সম্পূর্ণ PDF ইবুকটি পেয়ে যান EduTips স্টোর থেকে!

SCAN ME

store.edutips.in

Contact Us
+91 9907260741

LIMITED OFFER

ছাত্র-ছাত্রীদের জন্য মাত্র 20 টাকায় সংগ্রহ করে নিতে পারবে!

# WBCHSE WB HS Pol Science PDF Download: উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান সাজেশন PDF

উপরের মাত্র 15 টা প্রশ্ন তোমরা ভালোভাবে করে গেলে সেখান থেকেই সমস্ত ধরনের উত্তর তোমরা লেখা আসতে পারবে **যেহেতু মাত্র 15 টা প্রশ্ন তাই এটার জন্য আলাদা করে আর পিডিএফ-এর পাশাপাশি,** প্রিমিয়াম সাজেশন এর শর্ট প্রশ্ন কয়েকটা দেওয়া থাকবে।

নিচের স্পেশাল **সাজেশনে শর্ট প্রশ্ন পাশাপাশি বড় প্রশ্ন উত্তর** করে দেয়া রয়েছে তোমরা সংগ্রহ করে নিতে পারো 👇




এক্ষুনিও ক্লিক করে সংগ্রহ করো

এই প্রশ্নগুলি ছাড়াও উচ্চ মাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষায় আরও অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন কমন পড়তে পারে। **এই প্রশ্নগুলি আগে অবশ্যই তৈরি করবে,** তারপরে সময় থাকলে তোমরা বাকি বড় প্রশ্ন করতে পারো এবং শর্ট প্রশ্নের জন্য তোমাদের কিন্তু ভালো রকম ভাবে জ্ঞান থাকতে হবে তবে কিন্তু করতে পারবে। তাই এই প্রশ্নগুলির পাশাপাশি অন্যান্য গুরুত্বপূর্ণ প্রশ্নগুলিও ভালোভাবে প্রস্তুতি নাও।

সাজেশন » HS Geography Suggestion 2025: উচ্চ মাধ্যমিক ভূগোল সাজেশন!

আমাদের হোয়াটসঅ্যাপ ও টেলিগ্রাম গ্রুপে যুক্ত হোন -

Join Group

Telegram

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, পরীক্ষার প্রস্তুতি এবং স্কলারশিপ আপডেট: নিচে ক্লিক করে অ্যাপ ডাউনলোড করুন ➡

Download FREE App

Trusted by **50K+** Students